ইজিএমের কার্যবিবরণী কমিশনে জমা দিয়েছে ডিএসই

কৌশলগত অংশীদার বাছাই ইস্যুতে ৩০ এপ্রিল অনুষ্ঠেয় বিশেষ সাধারণ সভার (ইজিএম) কার্যবিবরণী বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনে (বিএসইসি) জমা দিয়েছে ঢাকা স্টক এক্সচেঞ্জ (ডিএসই)। সম্প্রতি বিএসইসির চেয়ারম্যানের কাছে বার্তাবাহকের মাধ্যমে ইজিএমের কার্যবিবরণী পাঠিয়েছে ডিএসই। এর আগে গত মাসে কৌশলগত অংশীদার হিসেবে চীনা কনসোর্টিয়ামকে (শেনঝেন-সাংহাই স্টক এক্সচেঞ্জ) বাছাইয়ের জন্য পাঁচ দফা শর্তসাপেক্ষে ডিএসইকে সংশোধিত প্রস্তাব জমা দেয়ার সুযোগ দেয় কমিশন। আর এ পাঁচ দফা শর্তের মধ্যে ইজিএমের কার্যবিবরণী কমিশনের কাছে জমা দেয়ার কথাও বলা হয়েছিল। নাম প্রকাশে অনিচ্ছুক বিএসইসির একজন উর্ধ্বতন কর্মকর্তা বণিক বার্তাকে বলেন, কৌশলগত অংশীদার ইস্যুতে আহ্বান করা ইজিএমের বিস্তারিত কার্যবিবরণী কমিশনের কাছে পাঠিয়েছে ডিএসই। বিএসইসির দেয়া গাইডলাইন অনুসারেই ইজিএমের কার্যবিবরণী প্রণয়ন করা হয়েছে। ইজিএমে কৌশলগত অংশীদার হিসেবে চীনা কনসোর্টিয়ামকে বাছাই-সংক্রান্ত সংশোধিত প্রস্তাবে সব শেয়ারহোল্ডারের অনুমোদন নিয়ে পাঠানো হলে কমিশন সেটি বিবেচনা করবে বলেও জানান তিনি।http://bonikbarta.net

দরবৃদ্ধির শীর্ষে মুন্নু স্টাফলার্স

ঢাকা স্টক এক্সচেঞ্জে (ডিএসই) গেল সপ্তাহেও উর্ধ্বমুখী প্রবণতায় লেনদেন হয়েছে প্রকৌশল খাতের কোম্পানি মুন্নু জুট স্টাফলার্স লিমিটেডের শেয়ারে। সপ্তাহের ব্যবধানে কোম্পানিটির শেয়ারদর ৩২ দশমিক শূন্য ৪ শতাংশ বেড়েছে। এতে ডিএসইর দরবৃদ্ধির তালিকায় টানা দ্বিতীয় সপ্তাহে এক নম্বরে উঠে আসে কোম্পানিটি। সপ্তাহজুড়ে মুন্নু স্টাফলার্সের ১৯ কোটি ৫ লাখ ১৪ হাজার টাকার শেয়ার হাতবদল হয়।বাজার পর্যবেক্ষণে দেখা গেছে, বেশ কিছুদিন ধরেই উর্ধ্বমুখী প্রবণতায় রয়েছে মুন্নু স্টাফলার্সের শেয়ার। গত দুই সপ্তাহে ৭৮৭ টাকা ৬০ পয়সা থেকে ১ হাজার ৪৭৫ টাকা ৩০ পয়সায় উন্নীত হয় কোম্পানিটির শেয়ারদর। বৃহস্পতিবার সর্বশেষ ১ হাজার ৪৭৫ টাকা ৩০ পয়সায় মুন্নু স্টাফলার্সের শেয়ার হাতবদল হয়। আগের কার্যদিবসে এ শেয়ারের সমাপনী দর ছিল ১ হাজার ৩৮৮ টাকা ৬০ পয়সা। গত এক বছরে শেয়ারটির সর্বোচ্চ দর ছিল ১ হাজার ৪৭৫ টাকা ৩০ পয়সা ও সর্বনিম্ন ৪৮০ টাকা ২০ পয়সা।http://bonikbarta.net

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে এমআইএস ডে পালিত

মুক্ত চর্চা, মুক্ত চিন্তা সৃজনশীলতার দুয়ার উন্মোচন করে, প্রসারিত করে কাজের ক্ষেত্র। এমন প্রতিপাদ্য নিয়েই গত ২১ ও ২২ মার্চ অনুষ্ঠিত হল ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির এমআইএস ডে, সিজন ৪। ম্যানেজমেন্ট ইনফরমেশন ব্যবসার জন্য কতটা গুরুত্বপূর্ণ এবং ব্যবসা শিক্ষার এক অবিচ্ছেদ্য অংশ সেটাই মূলত অংশগ্রহণকারীরা দেখিয়েছে। এই ইভেন্টের প্রথম দিনে অংশগ্রহণকারীরা প্রেজেন্টেশন, বিতর্ক এবং নাট্যাভিনয় করেছে। ইভেন্টের উদ্বোধন ঘোষনা করেন বিজনেস এডমিনিস্ট্রেশনের লেকচারার বুশরা হুমায়রা এশা। এরপর অংশগ্রহণকারীরা তাদের প্রেজেন্টেশন শুরু করে এবং তাদের প্রেজেন্টেশনে ডিপ ওয়েব, স্কাই রিও আর১,

ব্রেইন ফিঙ্গার প্রিন্টিং, টেসলা সেমাই ট্রাকের মত সাম্প্রতিক বৈপ্লবিক কিছু প্রযুক্তিক বিষয় উঠে আসে।http://bonikbarta.net

স্থানীয় উৎপাদনে সম্পূরক শুল্ক কমানোর আশ্বাস এনবিআরের

বর্তমানে বেভারেজ খাতে স্থানীয় পর্যায়ে ১৫ শতাংশ ভ্যাটের পাশাপাশি ২৫ শতাংশ সম্পূরক শুল্ক আদায় করা হচ্ছে। সব মিলিয়ে এ শিল্পে স্থানীয় পর্যায়ে করের পরিমাণ ৪৩ দশমিক ৭৫ শতাংশ, যা অনেক বেশি। এ খাতে দেশীয় শিল্পপ্রতিষ্ঠান গড়ে ওঠা ও রফতানিকে উৎসাহ দিতে করের হার কমানোর আশ্বাস দিয়েছেন জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) চেয়ারম্যান ও অভ্যন্তরীণ সম্পদ বিভাগের জ্যেষ্ঠ সচিব মোশাররফ হোসেন ভূঁইয়া। বৃহস্পতিবার সন্ধ্যায় রাজধানীর সোনারগাঁও হোটেলে কোকা-কোলার আয়োজনে 'কোমল পানীয় খাতে সম্পূরক শুল্ক ও ভ্যাট: অর্থনীতিতে অবদান' শীর্ষক অনুষ্ঠানে স্থানীয় উৎপাদনে সম্পূরক শুল্কহার ২৫ থেকে কমিয়ে ১৫ শতাংশ নির্ধারণের জন্য বাংলাদেশ বেভারেজ ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশনের (বিবিএমএ) দাবির পরিপ্রেক্ষিতে তিনি এ আশ্বাস দেন। অনুষ্ঠানে এনবিআর চেয়ারম্যান বেভারেজ শিল্পের বিকাশে সংগঠনটির নানা দাবি বিবেচনার আশ্বাসও দিয়েছেন। এ সময় এনবিআরের সদস্য (ভ্যাটনীতি) রেজাউল হাসান, বিবিএমএর সভাপতি হারুনুর রশীদ, কোকা-কোলা বাংলাদেশের ব্যবস্থাপনা পরিচালক শাদাব খানসহ বিভিন্ন বেভারেজ কোম্পানির ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।http://bonikbarta.net

টিপিপিতে ফিরে আসার বিষয়টি বিবেচনা করছেন ট্রাম্প

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, যদি একটি 'উত্তম' চুক্তির প্রস্তাব দেয়া হয়, তবে যুক্তরাষ্ট্র ট্রান্স-প্যাসিফিক পার্টনারশিপ (টিপিপি) চুক্তিতে ফিরে আসতে পারে। এর আগে এ চুক্তির তীব্র বিরোধিতা এবং নিজ দেশকে চুক্তি থেকে প্রত্যাহার করা ট্রাম্প বৃহস্পতিবার এ ব্যাপারে ইতিবাচক ইঙ্গিত দিলেন। একই দিকে তিনি নর্থ আমেরিকান ফ্রি ট্রেড এগ্রিমেন্ট (নাফটা) নিয়েও ইতিবাচক মন্তব্য করেছেন। খবর এএফপি। এক টুইটার বার্তায় ট্রাম্প বলেন, 'টিপিপিতে কেবল তখনই যুক্ত হতে পারি, যদি চুক্তিটি প্রেসিডেন্ট ওবামাকে (বারাক) দেয়া প্রস্তাবের চেয়ে অনেক ভালো হয়।' তিনি আরো বলেন, 'টিপিপির ১১টি দেশের ছয়টির সঙ্গে এরই মধ্যে আমাদের দ্বিপক্ষীয় চুক্তি আছে এবং আমরা চেষ্টা করছি এদের মধ্যে সবচেয়ে বড় অংশীদার জাপানের সঙ্গেও একটি চুক্তি করতে, যারা বহু বছর ধরে আমাদের বাণিজ্যে শক্তিশালী আঘাত করে আসছে।'http://bonikbarta.net

প্রথম প্রান্তিকে সিঙ্গাপুরের জিডিপি বেড়েছে ৪.৩%

২০১৮ অর্থবছরের প্রথম প্রান্তিকে সিঙ্গাপুরের জিডিপি প্রবৃদ্ধি হয়েছে ৪ দশমিক ৩০ শতাংশ। দেশটির বাণিজ্য ও শিল্প মন্ত্রণালয় শুক্রবার এ বিষয়টি জানায়। খবর সিনহুয়া। ২০১৭ অর্থবছরে দেশটির প্রবৃদ্ধি ছিল ৩ দশমিক ৬০ শতাংশ। প্রান্তিক ভিত্তিতে মৌসুমভিত্তিক সমন্বয়ের পর প্রথম প্রান্তিকে সিঙ্গাপুরের অর্থনীতি সম্প্রসারিত হয়েছে ১ দশমিক ৪০ শতাংশ হারে। বছরওয়ারি হিসেবে প্রথম প্রান্তিকে সিঙ্গাপুরের ম্যানুফ্যাকচারিং খাত সম্প্রসারিত হয়েছে ১০ দশমিক ১০ শতাংশ। গত বছরের চতুর্থ প্রান্তিকে যা ছিল ৪ দশমিক ৮০ শতাংশ। এদিকে নির্মাণ খাত বছরওয়ারি ৪ দশমিক ৪০ শতাংশ সংকুচিত হয়েছে। আগের প্রান্তিকে যেখানে ৫ শতাংশ হ্রাস পেয়েছিল। সরকারি ও বেসরকারি খাতে নির্মাণ কর্মকাণ্ড কমে যাওয়ায় এ পতন হয়েছে বলে মনে করা হচ্ছে।http://bonikbarta.net